৭২

দৈনিক সংবাদ

তারিখ ... 16 APR 1998 ... ...
পৃষ্ঠা ৪ কলাম ২......

# এবার নকলের জন্য গাইড বুক

এসএসসি পরীক্ষাকে সামনে রেখে ছাত্রছাত্রীদের নকল করার সুবিধার জন্যে গাইড বুক বেরিয়েছে। কম্পিউটার কম্পোজ করে মুদ্রিত ছোট ছোট সাইজের বিভিন্ন বিষয়ের এসব গাইড বুক এত ছোট যে, সহজেই পকেটে লুকিয়ে পরীক্ষার হলে নিয়ে যাওয়া যায়। প্রশ্নের উত্তরগুলোও এক পৃষ্ঠায় ছাপা। ফলে প্রয়োজনে পাতা ছেঁড়া বা কাটা যায়। ১০ থেকে ১২ টাকায় এবং কখনো কখনো আরো অধিক মূল্যে এসব পকেট গাইড বুক দেদারসে বিক্রি হচ্ছে দেশের বিভিন্ন অঞ্চলে। গাইড বুকগুলো দেখলেই মনে হয় যে, একমাত্র নকল করার উদ্দেশ্যেই পকেট গাইড বুকগুলো ছাপিয়ে এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী এসএসসি পরীক্ষার সুযোগে টু-পাইস কামিয়ে নিচ্ছে।

অবস্থাদৃষ্টে মনে করা যেতে পারে যে, এক সময় নোট বইয়ের যে রমরমা ব্যবসা ছিল তাই বিবর্তনের মধ্য দিয়ে গাইড বুক, গাইড থেকে নকলের সুবিধার্থে পকেট গাইড বুক হয়েছে। অথচ আমাদের দেশে নোট বই নিষিদ্ধ; কিন্তু বাজারে নোট বই বিক্রি কোনদিনই বন্ধ করা যায়নি। নোট বই নিষিদ্ধ বলে একই উদ্দেশ্যে ব্যবসায়ীরা বের করেছে গাইড বই। বড়সড় মাপের গাইড বই থেকে নকল করা অসুবিধা। পকেট সাইজের গাইড বুকের যুগে প্রবেশ করেছে আমাদের শিক্ষা ব্যবস্থা।

নোট বুক এবং গাইডের যুগে এক শ্রেণীর ছাত্রছাত্রী পাঠ্যপুস্তক বাদ দিয়ে নোট বইকে পুঁজি করে পরীক্ষার হলে হাজির হতো। কম্পিউটারের কল্যাণে পকেট সাইজের এক পৃষ্ঠায় মুদ্রিত গাইড বুক বের করা সম্ভব হয়েছে। এখন আর নোট বুক বা গাইড বুক মুখস্থ করার দরকার পড়ে না। এতই সহজ করে দেয়া হয়েছে নকলের পদ্ধতি।

নকলের জন্য গাইড বুক বের হওয়াতে পাঠ্যপুস্তক পড়ার আর যেন প্রয়োজন নেই। জানা গেছে পাঠ্যপুস্তকের বিক্রিও কমে গেছে। অনেক ছাত্রছাত্রী এখন আর পাঠ্যপুস্তক কিনছে না, কিনছে নকলের জন্য মুদ্রিত পকেট গাইড বুক।

অভিযোগ উঠেছে যে, প্রশাসন এবং অন্যান্য সরকারি সংস্থা জেনেশুনেও এ ব্যাপারে উদাসীন হয়ে রয়েছে। প্রশাসনের নাকের ডগায় নোট বই থেকে পকেট গাইড বুক পর্যন্ত বিক্রয় করছে ব্যবসায়ীরা কিন্তু কোন ব্যবস্থা গ্রহণ করছে না প্রশাসন।

দিন দিন শিক্ষার মানের অবনতি হচ্ছে। অনেক কারণের মধ্যে নোট বই, গাইড বুক আর নকল প্রবণতা হচ্ছে কিছু কারণ। সকলেরই জানা আছে এই কথা। কিন্তু শিক্ষা মন্ত্রণালয়ই হোক আর সাধারণ প্রশাসনই হোক এসব রাহুর কবল থেকে শিক্ষাকে উদ্ধার করার জন্য কিছুই করছে বলে মনে হয় না। শিক্ষা মন্ত্রণালয় নোট ছাপার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেনি। এখন পকেট গাইড বুক বেরিয়েছে ছাত্রছাত্রীদের নকলে উৎসাহিত করার জন্যে। শিক্ষা মন্ত্রণালয় নিশ্চুপ। প্রশাসনও তাই। অথচ বলা হচ্ছে শিক্ষার মানোন্নয়নে সব কিছুই করা হবে। সব কিছুই করা হচ্ছে নকলের জন্য, শিক্ষার জন্যে নয়।